# Visit of Chief of Army Staff and Foreign Secretary to Myanmar (October 4-5, 2020)

October 05, 2020

## সেনাপ্রধান এবং বিদেশ সচিবের মায়ানামার সফর (অক্টোবর 4-5, 2020)

অক্টোবর 05,2020

.

সেনাপ্রধান (সিওএএস) জেনারেল এমএম নরভানে,পিভিএসএম, এভিএসএম,এসএম,ভিএসএম, এডিসি এবং বিদেশ সচিব হর্ষবর্ধন শৃঙ্গলা অক্টোবর 4-5, 2020 তারিখে মায়ানমার সফর করেছেন।এই সফর , সাম্প্রতিক বছরগুলিতে নিয়মিত উচ্চ পর্যায়ের সফর এবং পারষ্পরিক আদান প্রদানের মাধ্যমে চিহ্নিত দ্বপাক্ষিক সম্পর্কের স্থায়ী অগ্রগতির পর্যালোচনার একটি সুযোগ প্রদান করে দিয়েছে।

সিওএএস এবং এফএস স্টেট কাউন্সেলর দও অং  সান সু কি এবং সামরিক সেবার কমান্ডার ইন চীফ সিনিয়র জেনারেল মিন অংহলেইং-এর সাথে সাক্ষাৎ করেছেন।সিওএএস, ভাইস সিনিয়র জেনারেল সো উইন, মায়ানমারের সামরিক সেবার ডেপুটি কমান্ডার –ইন-চীফ এবং এফএ, মায়ানমারের বিদেশ মন্ত্রকের স্থায়ী সচিব ইউ সো হ্যানের সাথে মিলিত হয়েছেন।এর আগে, উভয়পক্ষ অক্টোবর 1, 2020 তারিখে ভার্চুয়াল বিদেশ দপ্তর পরামর্শের মাধ্যমে দ্বিপাক্ষিক সহযোগিতার ক্ষেত্রে ব্যাপক আলোচনা করেছিলেন।

উভয় পক্ষ, সংযোজক প্রকল্প, সক্ষমতা অর্জন, বিদ্যুৎ এবং শক্তি, অর্থনৈতিক এবং বাণিজ্যকে গভীর করা, জনগণের সাথে জনগণের ও সংস্কৃতির বিনিময়কে সুবিধা প্রদান এবং সামরিক তিনটি পরিষেবাতেই তাদের বিনিময়কে প্রশস্ত করার ক্ষেত্রে তাদের অংশীদারিত্বকে আরও মজবুত করার জন্য সহমত হয়েছেন। কোভিড -19 দ্বারা উদ্ভূত চ্যালেঞ্জকে জয় করার জন্য সহযোগিতাকে গভীর করার জন্যও উভয় পক্ষ সহমত হয়েছেন।অতিমারির বিরুদ্ধে মায়ানমারের লড়াইয়ে ভারতের সহযোগিতার প্রতীক হিসেবে সিওএএস এবং এফএস রেমেডেসিভারের 3000 টি জার স্টেট কাউন্সেলরকে উপহার দিয়েছেন। যখন যেই মুহূর্তে প্রতিষেধক উপলব্ধ হবে অগ্রাধিকারের ভিত্তিতে মায়ানমারকে দেবার জন্য ভারতের ইচ্ছাকে এফএস উল্লেখ করেছেন। ডিসেম্বর 31, 2020 সময় সীমা অবধি জি-20 ঋণ পরিষেবা বিলম্ব উদ্যোগের অন্তর্গত  ভারতের ঋণ পরিষেবার সিদ্ধান্তকে মায়ানমার প্রশংসা করেছে।

উভয় পক্ষ ভারতের সহযোগি্তায় ত্রিপাক্ষিক হাইওয়ে এবং কালাদান মাল্টি-মোডাল ট্রানজিট পরিবহন প্রকল্পের মত চালু থাকা পরিকাঠামো প্রকল্পগুলির অগ্রগতি নিয়ে আলোচনা করেছেন।তারা ইয়েমেথিন মহিলা পুলিশ আকাদেমির আধুনিকীকরন, প্রাথমিক প্রযুক্তি প্রশিক্ষণ স্কুল এবং মায়ানমার ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজীর মত প্রকল্পগুলিকে দীর্ঘস্থায়ী করার পদ্ধতি প্রদানের মত নতুন উদ্যোগগুলির কাজ দ্রুত শুরু করার বিষয় নিয়ে নিজেদের মধ্যে মত বিনিময় করেছেন। 2021-এর প্রথমার্ধে রাখিন রাজ্যে সিতত্বয়ে বন্দরের কাজ বাস্তবায়িত করার প্রতি সহমত হয়েছেন।

রাখিন রাজ্য উন্নয়ন কার্যক্রম (আরএসডিপি) এবং একটি দক্ষতা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন সহ কার্যক্রমের ফেজ-III প্রকল্পের প্রস্তাবিত চূড়ান্ত করণের উল্লেখ জনক অগ্রগতির কথা উভয়পক্ষ উলেখ করেছেন। সফর চলাকালীন, আরএসডিপি-র অন্তর্গত কৃষি যান্ত্রিককরণের আধুনিকী করণের উপরে একটি প্রকল্পের চুক্তিও স্বাক্ষরিত হয়েছে। এফএস, রাখিন রাজ্যের বাস্তুচ্যুত মানুষদের নিরাপদ, স্থায়ী এবং দ্রুত ফেরত পাঠানোতে ভারতের সমর্থনের কথা ব্যক্ত করেছেন।

উভয় পক্ষ তাদের সীমান্ত এলাকার সুরক্ষা এবং স্থিরতা বজায় রাখার বিষয়ে আলোচনা করেছেন এবং নিজ নিজ ভূখন্ডে একে অন্যের প্রতি শত্রুভাবাপন্ন কোনরকমের কাজ করতে না দেওয়ার প্রতি তাদের অঙ্গীকারকে পুনরায় উল্লেখ করেছেন। ভারতের ভারতীয় বিদ্রোহী দলের 22 জন ক্যাডারকে ভারতের হাতে তুলে দেবার জন্য ভারতের তরফ থেকে মায়ানমারকে প্রশংসা করা হয়েছে।

ভারত, চিন রাজ্যের বায়ানু/সারসিচকে সীমান্ত হাট ব্রিজের নির্মাণের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করার কথা ঘোষণা করেছে, যেটি মিজোরাম এনং মায়ানমারের মধ্যে উন্নত অর্থনৈতিক সংযোগ প্রদান করবে। মায়ানমার থেকে 31 শে মার্চ 2021 অবধি 1.5 লাখ টন বিউলির ডাল আমদানি করার কথাও ঘোষণা করা হয়েছে। ময়িতকিয়িনাতে দ্য সেন্টার ফর এক্সেলেন্স ইন সফটওয়্যার ডেভেলপমেন্ট অ্যান্ড ট্রেনিং ভার্চুয়ালি উদ্বোধন করা হয়েছে। বিদেশ সচিব, মায়ানমারের বিদেশ মন্ত্রকের স্থায়ী সচিব ইউ হো হ্যান-এর সাথে একসাথে নেয় পিয়েতে এমব্যাসি লিয়াজোঁ অফিসেরও উদ্বোধন করেছেন।

2016 -তে ভূমিকম্পের কারণে ক্ষতিগ্রস্থ বাগান প্যাগোডার সারাই এবং সংক্ষণ করা সহ সাংস্কৃতিক ঐতিহ্যকে সংরক্ষণ করার জন্য ভারতের সহযোগিতাকে মায়ানমারের তরফ থেকে প্রশংসা করা হয়েছে। দুই পক্ষ মান্ডালায় লোকমান্য তিলকের শততম মৃত্যু বার্ষিকীর স্মরণে তাঁর একটি মূর্তি স্থাপনের পরিকল্পনা নিয়ে আলোচনা করেছেন। মান্ডালা জেলে কারারুদ্ধ থাকা কালীন লোকমান্য তিলক ভগবদ গীতার ব্যখ্যা গীতারহস্য লিখেছিলেন। ভারতীয় মহাকাব্যগুলিকে বার্মিজ ভাষায় অনুবাদ করা সহ সংস্কৃতির অন্যান্য ক্ষেত্রে সহযোগিতার কথা আলোচনা করা হয়েছে।

বিদেশ সচিব আগামী 21 শতক প্যাংলং শান্তি সম্মেলন সাফল্যের সাথে উদযাপনের জন্য মায়ানমারকে ধন্যবাদ জানিয়েছেন এবং মায়ানমারের গণতান্ত্রিক অবস্থান্তর প্রাপ্তিতে সংবিধানতন্ত্র এবং যুক্তরাজ্যতন্ত্রের অভিজ্ঞতাকে ভাগ করে নেবার ভারতের ধারাবাহিক সহযোগিতা প্রদানকে নিশ্চিত করেছেন।

বিগত কয়েক বছরে, উভয় দেশ তেল এবং গ্যাস ও শক্তি, পরিকাঠামো ও ওষুধ তৈরির ক্ষেত্রে নতুন বিনিয়োগ সহ দ্বিপাক্ষিক মৈত্রী এবং সহযোগিতার নতুন পথের অনুসন্ধানে প্রশংসনীয় পদক্ষেপ নিয়েছে। ভারত পাওয়ার গ্রিড এবং মায়ানমার পাওয়ার গ্রিডের মধ্যে উচ্চ ক্ষমতা সম্পন্ন উচ্চ ভোল্টেজের আন্তর্সংযোগ স্থাপন করা নিয়ে উভয়পক্ষ আলোচনা করেছেন। উত্তর-পূর্ব রাজ্য এবং মায়ানমারের মধ্যে লো ভোল্টেজ আন্তর্সংযোগ নিয়ে আলোচনারও অগ্রগতি হয়েছে। সামুদ্রিক ক্ষেত্রে এবং বিপর্যয় মোকাবিলা ক্ষেত্রে সহযোগিতাকেও বৃদ্ধি করা হয়েছে। উভয় দেশ বিভিন্ন আঞ্চলিক এবং বহুপাক্ষিক ফোরামগুলিতে সহযোগিতাও করে যাচ্ছে। স্থল সীমান্ত পার চুক্তির সফলতার সাথে কার্যে

রূপান্তর করার মত উদ্যোগ এবং জারি থাকা ভারত-মায়ানমার-থাইল্যান্ড ত্রিপাক্ষিক মোটর যান চুক্তি আলোচনা সামনের দিকে অগ্রসর হয়েছে।

সিওএএস এবং এফএস-এর মায়ানমার সফর তাদের প্রসারিত দ্বিপাক্ষিক মৈত্রীর স্থায়ী গতির সাথে দুই দেশের সংযোগের উচ্চ অগ্রগণ্যতাকে প্রতিফলিত করেছে।

নিউ দিল্লি
অক্টোবর 05, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.